গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

এবং

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আওতায় বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর জারীকরণ, জেলা, উপজেলা, ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন ২০২০ অনুমোদন, বাংলাদেশের শিল্পখাতে পানি ব্যবহার নীতি ২০২০ এর ইংরেজি ভার্সন পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক নীতিগত অনুমোদন, Glossary of Water and water-Related Terms পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক নীতিগত অনুমোদন, ওয়েব এনাবেল লাইব্রেরী সিস্টেম চালুকরণ, প্রকল্পের ছাড়পত্র প্রদান কার্যক্রমের আওতায় ২০১৮ হতে ২০২০ পর্যন্ত সময়ে বিভিন্ন সংস্থার (বাপাউবো, এলজিইডি, নগই ইত্যাদি) মোট ৮২ টি প্রকল্প প্রস্তাবের ছাড়পত্র প্রদান, জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (NWRD) হালনাগাদকরণ ও সমন্বিত উপকূলীয় সম্পদ উপাত্তভান্ডার (ICRD) হালনাগাদকরণ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

এনডব্লিউআরডি এবং আইসিআরডি নিয়মিত হালনাগাদকরণ এবং সর্বসাধারণের ব্যবহার উপযোগী করার নিমিত্ত প্রয়োজনীয় অর্থ ও জনবলের অপ্রতুলতা/স্বল্পতা; বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নের জন্য ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ; এনডব্লিউএমপি, এনডব্লিউআরডি ও আইসিআরডি পর্যায়ক্রমিক হালনাগাদ করার জন্য বিভিন্ন দপ্তর/সংস্থার সাথে সমন্বয় সাধন; মাঠ পর্যায়ে ক্লিয়ারিং হাউজ কার্যক্রম বাস্তবায়নের জন্য ওয়ারপো'র বিভাগীয় ও জেলা পর্যায়ে কার্যালয় স্থাপন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ এবং জেলা পর্যায়ে ওয়ারপোর কার্যালয় স্থাপন; বাংলাদেশের পানি সম্পদের হালনাগাদ অবস্থা (গুনগত ও পরিমানগত) নিরুপন; বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ মাঠ পর্যায়ে বাস্তবায়ন; জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রস্তুতকরণ, ক্লিয়ারিং হাউজ কার্যক্রম অনলাইনে চালুকরণ, বাংলাদেশের বিভিন্ন খাতের পানি সম্পদের ছায়ামূল্য নির্ধারণ, এনডব্লিউআরডি ও আইসিআরডি হালনাগাদকরণ ও বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় টুল্স ও টেকনিক তৈরীর জন্য গবেষণা প্রকল্প বাস্তবায়ন।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৭ টি জেলা সদরে ওয়ারপোর জেলা কার্যালয় স্থাপন সম্পন্ন করা।
- প্রকল্প ছাড়পত্র ও ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি প্রদানের লক্ষ্যে অনলাইন পদ্ধতিতে ডাটা প্রাপ্তির আবেদন গ্রহণ, প্রক্রিয়াকরণ এবং ছাড়পত্র প্রদান কার্যক্রম নিশ্চিতকরণ।
- অনলাইন পদ্ধতিতে ডাটা প্রাপ্তির আবেদন গ্রহণ ও নিষ্পত্তিকরণ।
- নীতি ও বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

এবং

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

বাংলাদেশের পানি সম্পদের সমন্বিত ও টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

পানি সম্পদ খাতে মহাপরিকল্পনা প্রণয়ন ও পর্যায়ক্রমিক হালনাগাদকরণ, জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভান্ডার রক্ষণাবেক্ষণ, ক্লিয়ারিং হাউজ হিসেবে দায়িত্ব পালন এবং বাংলাদেশ পানি নীতি ১৯৯৯ ও বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালনের মাধ্যমে দেশের টেকসই ও সমন্বিত পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. পানি সম্পদ মহাপরিকল্পনা বাস্তবায়ন।
২. টেকসই ও সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা
৩. মাঠ পর্যায়ে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ এর বাস্তবায়ন কার্যক্রম কার্যকর (Functional) করা।
৪. পানি সম্পদ খাতের সুশাসন প্রতিষ্ঠা।
৫. পানি সম্পদ খাতের উন্নয়ন কার্যক্রম সহজিকরণ।

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. প্রস্তাবিত প্রকল্পের ছাড়পত্র প্রদান
২. জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত হালনাগাদ ও রক্ষণাবেক্ষণ
৩. পানি সম্পদের উন্নয়নকল্পে পরিবেশগত ভারসাম্যপূর্ণ মহাপরিকল্পনা প্রণয়ন
৪. পানি সম্পদের বিজ্ঞানভিত্তিক ব্যবহার ও সংরক্ষণ সম্পর্কিত জাতীয় কৌশল ও নীতি নির্ধারণ
৫. এনডব্লিউএমপি হালনাগাদকরণের জন্য গবেষণা ও সমীক্ষা পরিচালনা
৬. সরকার কর্তৃক প্রদত্ত পানি সম্পদ বিষয়ক অন্যান্য দায়িত্ব পালন

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| পানি সম্পদ মহাপরিকল্পনা বাস্তবায়ন | ছাড়কৃত প্রকল্পের শতকরা হার | শতকরা | ৮৫ | ৮০ | ৮০ | ৮২ | ৮৫ | বাপাউবো এবং সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাসমূহ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও ওয়ারপো ওয়েব সাইট |
| টেকসই ও সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা | মাঠ পর্যায়ে ওয়ারপো'র বিভাগীয় ও জেলা কার্যালয় স্থাপন (কমপক্ষে ০২ টি) | সংখ্যা | | | ০২ | ০২ | ০৩ | পানি সম্পদ মন্ত্রণালয় | অফিস আদেশ ও ওয়েবসাইট |
| পানি সম্পদ খাতের সুশাসন প্রতিষ্ঠা | পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার দুইটি প্রকল্প পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকরণ (কমপক্ষে ২ টি)। | সংখ্যা | | | ২ | ৪ | ৬ | পানি সম্পদ মন্ত্রণালয় | অফিস আদেশ ও প্রস্তুতকৃত প্রতিবেদন ও ওয়েবসাইট |
| মাঠ পর্যায়ে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ এর বাস্তবায়ন কার্যক্রম কার্যকর (Functional) করা। | মাঠ পর্যায়ে পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধনের মাধ্যমে সুষ্ঠু পানি ব্যবস্থাপনা কার্যকর করা (কমপক্ষে ০৫ টি) | সংখ্যা | | | ০৫ | ০৮ | ১০ | পানি সম্পদ মন্ত্রণালয়সহ ও পানি সম্পদ খাত সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরসমূহ। | অফিস আদেশ ও মিটিং মিনিটস ও ওয়েবসাইট। |
| পানি সম্পদ খাতের উন্নয়ন কার্যক্রম সহজিকরণ। | এনডব্লিউআরডি ও আইসিআরডি হতে তথ্য-উপাত্ত বিতরণ | শতাংশ | | ৮০ | ৮২ | ৮৪ | ৮৫ | পানি সম্পদ মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থাসমূহ | কম্পিউটার ও তথ্য শাখা, ওয়ারপো এবং ওয়েবসাইট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] পানি সম্পদ মহাপরিকল্পনা বাস্তবায়ন। | ২০ | [১.১] নির্ধারিত সময়ে পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাব সমূহের ছাড়পত্র প্রদান। | [১.১.১] ছাড়কৃত প্রকল্পের শতকরা হার | গড় | শতকরা | ২০ | ৮২ | ৮১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮২ | ৮৫ |
| [২] টেকসই ও সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা | ১৫ | [২.১] মাঠ পর্যায়ে ওয়ারপো'র বিভাগীয় ও জেলা কার্যালয় স্থাপন। | [২.১.১] কাযালয়ের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১৫ | | | ২ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |
| [৩] মাঠ পর্যায়ে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ এর বাস্তবায়ন কার্যক্রম কার্যকর (Functional) করা। | ১৫ | [৩.১] মাঠ পর্যায়ে পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধনের জন্য কর্মশালার আয়োজন করা। | [৩.১.১] কর্মশালার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১৫ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৪ | ৬ |
| [৪] পানি সম্পদ খাতের সুশাসন প্রতিষ্ঠা। | ১০ | [৪.১] পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার দুইটি প্রকল্প পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকরণ। | [৪.১.১] প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ২ | ১ | ১ | ১ | ১ | ৪ | ৬ |
| [৫] পানি সম্পদ খাতের উন্নয়ন কার্যক্রম সহজিকরণ। | ১০ | [৫.১] এনডব্লিউআরডি ও আইসিআরডি হতে তথ্য-উপাত্ত বিতরণ। | [৫.১.১] প্রদত্ত উপাত্তের শতকরা পরিমাণ | সমষ্টি | শতাংশ | ১০ | ৮২ | ৮১ | ৮০ | ৭৮ | ৭৭ | ৭৫ | ৭০ | ৮৪ | ৮৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ২৪/৬/২১ | |
| মহাপরিচালক<br>পানি সম্পদ পরিকল্পনা সংস্থা | তারিখ |
| | ২৪/৬/২১ |
| সিনিয়র সচিব<br>পানি সম্পদ মন্ত্রণালয় | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইসিআরডি | ইন্টিগ্রেটেড কোস্টাল রিসোর্সেস ডাটাবেজ |
| ২ | ইসিএনডব্লিউআরসি | এক্সিকিউটিভ কমিটি অব্ দি ন্যাশনাল ওয়াটার রিসোর্স কাউন্সিল |
| ৩ | এনডব্লিউআরডি | ন্যাশনাল ওয়াটার রিসোর্সেস ডাটাবেজ |
| ৪ | এনডব্লিউআরপি | ন্যাশনাল ওয়াটার রিসোর্সেস প্লান |
| ৫ | এনডব্লিউআরসি | ন্যাশনাল ওয়াটার রিসোর্স কাউন্সিল |
| ৬ | এনডব্লিউএমপি | ন্যাশনাল ওয়াটার ম্যানেজমেন্ট প্লান |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নির্ধারিত সময়ে পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাব সমূহের ছাড়পত্র প্রদান। | [১.১.১] ছাড়কৃত প্রকল্পের শতকরা হার | পানি সম্পদ শাখা, পরিবেশ, বন ও মৎস্য শাখা ও পরিবীক্ষন ও মূল্যায়ন শাখা, ওয়ারপো | প্রতিবেদন |
| [২.১] মাঠ পর্যায়ে ওয়ারপো'র বিভাগীয় ও জেলা কার্যালয় স্থাপন। | [২.১.১] কাযালয়ের সংখ্যা | প্রশাসন শাখা, ওয়ারপো | অফিস আদেশ |
| [৩.১] মাঠ পর্যায়ে পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধনের জন্য কর্মশালার আয়োজন করা। | [৩.১.১] কর্মশালার সংখ্যা | প্রকৌশল শাখা, ওয়ারপো | কার্যবিবরণী ও অফিস আদেশ |
| [৪.১] পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার দুইটি প্রকল্প পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকরণ। | [৪.১.১] প্রতিবেদন | পরিবীক্ষন ও মূল্যায়ন শাখা, ওয়ারপো | প্রতিবেদন |
| [৫.১] এনডব্লিউআরডি ও আইসিআরডি হতে তথ্য-উপাত্ত বিতরণ। | [৫.১.১] প্রদত্ত উপাত্তের শতকরা পরিমাণ | কম্পিউটার এবং তথ্য শাখা, ওয়ারপো | প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| মাঠ পর্যায়ে পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধনের জন্য কর্মশালার আয়োজন করা। | কর্মশালার সংখ্যা | পানি সম্পদ মন্ত্রণালয় ও পানি সম্পদ খাত সংশ্লিষ্ট দপ্তরসমূহ | অফিস আদেশ, পরিদর্শন ও আলোচনা |
| নির্ধারিত সময়ে পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাব সমূহের ছাড়পত্র প্রদান। | ছাড়কৃত প্রকল্পের শতকরা হার | সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহ | যথাযথ নির্দেশনা প্রতিপালন সাপেক্ষ্যে ডিপিপি প্রণয়ন, মত বিনিময় সভার আয়োজন, প্রকল্প এলাকা পরিদর্শন |
| এনডব্লিউআরডি ও আইসিআরডি হতে তথ্য-উপাত্ত বিতরণ। | প্রদত্ত উপাত্তের শতকরা পরিমাণ | গবেষণাধর্মী প্রতিষ্ঠানসমূহ | তথ্য-উপাত্ত হালনাগাদকরণ, তথ্য-উপাত্ত বিতরণ সহজীকরণ |
| পানি সম্পদ খাতের বিভিন্ন সংস্থার দুইটি প্রকল্প পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকরণ। | প্রতিবেদন | প্রকল্প বাস্তবায়কারী প্রতিষ্ঠানসমূহ | অফিস আদেশ, প্রকল্প এলাকা পরিদর্শনের মাধ্যমে |
| মাঠ পর্যায়ে ওয়ারপো'র বিভাগীয় ও জেলা কার্যালয় স্থাপন। | কাযালয়ের সংখ্যা | পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | পরিদর্শন ও আলোচনা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ